



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০২

০৫ মাঘ ১৪৩১

তারিখ: -----

১৯ জানুয়ারি ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীগণের বহিবাংলাদেশ ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮ তারিখ: ১১ জুন ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ব্যাংক-কোম্পানীর অর্থায়নে প্রশিক্ষণ/সভা/সেমিনার/ওয়ার্কশপ/স্টাডি টুয়ের অংশগ্রহণের জন্য ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের বহিবাংলাদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। তবে, কতিপয় ক্ষেত্রে ব্যাংকের বহিবাংলাদেশ ভ্রমণ সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী স্বীয় ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মকর্তা-কর্মচারীগণ বহিবাংলাদেশ ভ্রমণ করতে পারবেন মর্মে উক্ত সার্কুলার লেটারে উল্লেখ করা হয়।
- ৩। এখন, উক্ত সার্কুলার লেটারের অনুবৃত্তিক্রমে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, দাপ্তরিক প্রয়োজনে ব্যাংকের বহিবাংলাদেশ ভ্রমণ সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী স্বীয় ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মকর্তা-কর্মচারীগণ বহিবাংলাদেশ ভ্রমণ করতে পারবেন।
- ৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।
- ৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫